শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৮৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণ বশত পীরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১৪-৯-২০২৩ খ্রিঃ তারিখ এর পরিবর্তে আগামী ২১-৯-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

স্বাক্ষরিত
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

বিতরণ : কার্যার্থে :

১। ............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ................................................, (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ...................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৮৬

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস সেপ্টেম্বর (সংশোধিত) ২০২৩

উপস্থিত উপদেষ্টা মণ্ডলী:

১. জনাব হাফিজউদ্দীন আহমেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক মেয়র পীরগঞ্জ পৌরসভা →
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান উপ: পরি: →
৪. জনাব ভারতী রানী রায় মহিলা ভাইস চেয়া: উপ: পরি: →

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান ১ নং ভোমরাদহ ইউ. পি. →
২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ. পি. →
৩. চেয়ারম্যান ৩ নং খনগাঁও ইউ. পি. →
৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ. পি. →
৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ. পি. →
৬. চেয়ারম্যান ৭ নং হাজীপুর ইউ. পি. →
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ. পি. →
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ. পি. →
৯. চেয়ারম্যান ১০ নং জাবরহাট ইউ. পি. →
১০. চেয়ারম্যান ১১ নং বৈরচুনা ইউ. পি. →

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১। | মো: আবু সাঈদ, উপজেলা প্রকৌশলী | Mahmud |
| ২। | মো: হাবিবুল ইসলাম | |
| ৩। | মো: তরিকুল ইসলাম USSO | |
| ৪। | আহমেদ হোসেন - উপজেলা সমবায় কর্মকর্তা | |
| ৫। | আলমগীর মো: রুহুল ইসলাম, সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৩.০৯.২৩ |
| ৬। | এস, এম, জসীম উদ্দিন, ইউডিডিপি - UDDP | |
| ৭। | মো: মেহেদী হাসান, এস.এ.ই, জনস্বাস্থ্য প্র:অ: | |
| ৮। | মোছা: মুন্নি আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র | 21-09-23 |
| ৯। | মোছা: রিনাতারা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ১০। | মো: মজিবর রহমান, ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ | |
| ১১। | মো: রাশেদুল ইসলাম, P.I.O | |
| ১২। | সমরেন্দ্র চন্দ্র রায় উপজেলা [illegible] | |
| ১৩। | মো: আশরাফুল ইসলাম UAS, USEO | ২৩.০৯.২৩ |
| ১৪। | মো: আব্দুল মজিদ, যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ১৫। | ডা. সামসুন নাহার শাপলা, মেডি: অফিসার (প. প) | |
| ১৬। | মো: সাইফুল ইসলাম, ইউ এ ও, পাটগ্রাম | |
| ১৭। | ডা: রনজিত চন্দ্র সিংহ, ULO, পীরগঞ্জ | |
| ১৮। | মো: আসাদ মোহাম্মদ, SUFO | |
| ১৯। | ডা: মো: আব্দুল [illegible], UHFPO | |
| ২০। | ফরিদা ইয়াসমীন, স্যানিটারি পরিদর্শক ও ভা.কা.কা. পরিদর্শক | |
| ২১। | মো: বাকির হোসেন (ইউএনও [illegible]) | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র সেপ্টেম্বর ২০২৩ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ২১-৯-২০২৩ খ্রি:

সময় ঃ সকাল ১১:০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট -'গ'** - সংশোধনকৃত সড়ক দুটির তথ্যের ছক, **পরিশিষ্ট -'ঘ' - বার্ষিক হিসাব বিবরণী (২০২২-২০২৩)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে ইউনি ব্লক সড়ক নির্মাণ, উপজেলা পরিষদের অডিটোরিয়াম মেরামত ও রক্ষণাবেক্ষণ, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের মিটিং রুম মেরামত ও রক্ষণাবেক্ষণ, উপজেলা পরিষদের হলরুমে কনফারেন্স সিস্টেম এবং পিএ সিস্টেম স্থাপন, উপজেলা পরিষদের প্রবেশ গেইট নির্মাণ এর জন্য প্রাক্কলন উপস্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে উপজেলা প্রকৌশল বিভাগের পক্ষ থেকে আলোচ্য ০৫ টি প্রাক্কলন উপস্থাপন করা হয়। এ প্রেক্ষিতে দেখা যায় যে, ক) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে ইউনি ব্লক সড়ক নির্মাণ বাবদ ১৬,২৫,০০০/- টাকা, খ) উপজেলা পরিষদের অডিটোরিয়াম মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ৮,৭১,৫৬৫/- টাকা, গ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের মিটিং রুম মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ৫,৯৯,৯৯৪/- টাকা, ঘ) উপজেলা পরিষদের হলরুমে কনফারেন্স সিস্টেম এবং পিএ সিস্টেম স্থাপন বাবদ ৫,০০,০০০/- টাকা, ঙ) উপজেলা পরিষদের প্রবেশ গেইট নির্মাণ বাবদ ২৩,০৮,৫২৫/- টাকা প্রয়োজন। উক্ত প্রকল্পসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্তে অনুমতি প্রদানের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তিনি আরও জানান, এডিপি'র ১ম কিস্তি বাবদ ২৫.৩০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এডিপি'র ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ মোট ১,০১,০২,০০০/- টাকা ধরে বিভাজন করে সকল চেয়ারম্যানগণের নিকট প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানান। | ১) উপস্থাপিত ০৫ টি প্রাক্কলনসহ পত্র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকের আলোকে এডিপি'র বিভাজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩) ভাবনাগঞ্জ হাট হতে শিয়ালডাঙ্গী হাট আইডি নং- ১৯৪৮২৪০৩৬ সড়ক এবং সূর্যপুর আর এন্ড এইচ হতে নিয়ামতপুর আইডি নং- ১৯৪৮২৪০১০ সড়ক দুটির বাস্তব পরিমাপ সংশোধনের নিমিত্তে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) উপজেলা পরিষদ,<br>২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরও জানান, বিদ্যমান সড়ক গ্যাজেটে অর্ন্তভূক্ত ০২ টি সড়কের তথ্য সংশোধন করা প্রয়োজন। বিদ্যমান গ্যাজেটে ভাবনাগঞ্জ হাট হতে শিয়ালডাঙ্গী হাট আইডি নং- ১৯৪৮২৪০৩৬ সড়কটির দৈর্ঘ্য ২.০০ কি:মি: উল্লেখ রয়েছে। কিন্তু বাস্তব পরিমাপে সড়কটির দৈর্ঘ্য ২.৭৭০ কি:মি: পাওয়া যায়। এছাড়া বিদ্যমান গ্যাজেটে সূর্যপুর আর এন্ড এইচ হতে নিয়ামতপুর আইডি নং- ১৯৪৮২৪০১০ সড়কটির দৈর্ঘ্য ২.৩০ কি:মি: উল্লেখ রয়েছে। কিন্তু বাস্তব পরিমাপে সড়কটির দৈর্ঘ্য ২.৭০ কি:মি: পাওয়া যায়। উক্ত সড়ক দুটির তথ্য সংশোধনের নিমিত্তে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও বরাবর পত্র প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলে একমত পোষাণ করেন। সড়কটির তথ্য সংশোধন ছক **পরিশিষ্ট "গ"**- তে দেখানো হলো। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৩০৪ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬,৮৬৯ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৪৯১ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৭৪ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪৯৫ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৪৯ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এ পর্যন্ত মোট ১৮ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | অবৈধভাবে গড়ে উঠা লাইসেন্সবিহীন ডায়গনিষ্টিক সেন্টার/ঔষধের দোকান/ক্লিনিকগুলিতে অভিযান চালানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৩ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৬৬৭ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,২১৩ জন, (৩) খাবার বড়ি - ২২,৬৩৭ জন (৪) কনডম- ২,০১৮ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮১৮৯ (৬) আইইউডি- ২০ (৭) ইমপ্ল্যানন- ৬১ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৯ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৭৭৬ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৩৬% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।<br>তিনি আরও জানান, ৩ নং খনগাঁও ইউ.পি'র স্বাস্থ্য কমপ্লেক্সের মাঠে অবৈধভাবে গরু, ছাগলের হাট বসছে। ফলে, রোগীরা প্রয়োজনীয় স্বাস্থ্য সুবিধা পাচ্ছে না। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আর্কষণ করেন। | ১) শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) ৩ নং খনগাঁও ইউ.পি'র স্বাস্থ্য কমপ্লেক্সের মাঠে অভিযান চালানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বর্তমানে আমন মৌসুমে ২৫,১৮৫ হেঃ রোপা আমন চাষ অর্জিত হয়েছে। আগামী রবি মৌসুমে তেলের উৎপাদন বৃদ্ধিতে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। রবি ২০২৩-২৪ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচি ঘোষণা হয়েছে। এ মৌসুমে ৭,২৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার প্রদান করা হবে। গম, ভূট্টা, সরিষা, পেঁয়াজ, চিনাবাদাম ও মুলা ফষলে এ প্রণোদনা কার্যক্রম বাস্তবায়ন করা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,৭০৪ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২০,১৬৯ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ১,০০০ টি<br>৪। হাঁস-মুরগীর টিকা প্রদান = ৫৩,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,৩৯৪ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৬ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০১<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১০ টি।<br>তিনি আরও জানান, ২০২৪ খ্রিঃ সালের মধ্যে বাংলাদেশ থেকে ছাগল-ভেড়ার পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে "পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের" আওতায় ছাগল ও ভেড়ার ফ্রি পিপিআর টিকা প্রদান করা হবে। এ ক্যাম্পেইন এর আওতায় শতভাগ ছাগল-ভেড়াকে পিপিআর টিকা দেওয়া হবে। এ উপজেলায় প্রায় ১,৪২,০০০ টি ছাগল-ভেড়াকে এ টিকা প্রদান করা হবে। | গবাদিপশুর লাম্পি, ক্ষুরা রোগসহ অন্যান্য রোগের ভয়াবহতা সম্পর্কে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা বাড়াতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>২) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৩ খ্রিঃ মাসে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৭ (সাত) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। টাংগন নদীর উত্তর সাগুনি (সেনিহারী-মছলন্দপুর) এলাকায় নতুন মৎস্য অভয়াশ্রম স্থাপনের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) এবং সংশ্লিষ্ট এলাকার জড়িত জনগোষ্ঠীর সাথে মতবিনিময় নিয়ে আলোচনা হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | টাংগন নদীর সেনিহারী এলাকায় নতুন মৎস্য অভয়াশ্রম স্থাপনের সম্ভাব্যতা যাচাই এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ পূর্বক প্রতিবেদন জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, বার্ষিক শিক্ষা জরিপ-২০২৩ খ্রি: প্রতিষ্ঠানের তথ্যসমূহ অনলাইনে আপডেট করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে পত্র দেওয়া হয়েছে। ৫০তম গ্রীষ্মকালীর খেলাধুলা ২০২৩ উপজোন ও উপজেলা পর্যায়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে এবং বিজয়ী দলসমূহ জেলা পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণ করেছেন। নতুন কারিকুলাম অনুযায়ী বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণে উপজেলা পর্যায়ে সকল মাষ্টার ট্রেইনারদের সম্বনয়ে সভা করা হয়। "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডোরী ইন্সটিটিউশনস (PBGSI)" স্কিমের আওতায় অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রাপ্তির লক্ষ্যে আবেদনসমূহ যাচাই বাছাই পূর্বক সংশ্লিষ্ট দপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়াও অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, জেলা পর্যায়ে ১৯-৯-২০২৩ খ্রিঃ তারিখে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ শুরু হয়েছিল। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ চাপড়াগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয় রানার্সআপ হয়েছে। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৯, ২০ ও ২১ সেপ্টেম্বর ২০২৩ উপজেলা কাব ক্যাম্পুরী কার্যক্রম সম্পন্ন হয়। ২৯-৯-২০২৩ খ্রিঃ হতে অনুষ্ঠিতব্য জেলা কাব ক্যাম্পুরীতে অংশগ্রহণের জন্য ১০ টি দলের প্রস্তুতি চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, এ উপজেলার ১২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেসিক কোর্স সম্পন্নকারী শিক্ষক ছিল না। তাঁদেরকে আজ থেকে বালিয়াডাঙ্গী উপজেলার বালিয়াডাঙ্গী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এ বেসিক কোর্স সম্পন্ন করার জন্য পাঠানো হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে ১৫ জন ভিক্ষুককে পূর্ণবাসন ও বিকল্প কর্মসংস্থানের জন্য অনুদান প্রদান করা হয়েছে। ভিক্ষুকদের নামের তালিকার জন্য সকল ইউ.পি. চেয়ারম্যানগণের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। ছক অনুযায়ী সকলের কাছে প্রকৃত ভিক্ষুকদের নামের তালিকা চাওয়া হয়। এ মাসে আরও ০৬ জন ভিক্ষুকের নামের তালিকা চাওয়া হয়।<br>তিনি আরও জানান, সমাজসেবা অফিসের সম্প্রসারিত ভবন ও একটি অপেক্ষাগার নির্মাণের জন্য অফিসের পেছনের ২-৩ শতাংশ জমি ব্যবহার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সকলে একমত পোষণ করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | সমাজসেবা অফিসের সম্প্রসারিত ভবন ও একটি অপেক্ষাগার নির্মাণের জন্য অফিসের পেছনের ২-৩ শতাংশ জমি ব্যবহার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ ঃ**<br>চাল আমন ২০২২-২৩: ৯৩১.৫৫৩ মে:টন, চাল বোরো ২০২৩: ২৭৪৬.৮৬৪ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ৪৮৮.৮০০ মে:টন সর্বমোট চাল ৪১৬৭.০১৭ মে: টন, ও সর্বমোট খালি বস্তা ১১,৬৮৬ খানা।<br>**ভোমরাদহ ঃ**<br>চাল আমন/২৩: ২৩৭.১৩৩ মে:টন, চাল বোরো/২৩: ৮৪৫.৪৬০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৮,০৪১ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ খ্রি: অর্থ বছরের সকল কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের নির্বাচনী এলাকা ভিত্তিক কাবিটা, কাবিখা ও টিআর এর বরাদ্দকৃত অর্থ ও খাদ্য শস্যের প্রকল্প তালিকা মাননীয় জাতীয় সংসদ সদস্য দাখিল করেছেন। উপজেলা পরিষদের কাবিটা ৫৮,৬৪,৩১৫/- টাকা, ২৮.২৯২৩ মে:টন চাল ও টিআর ৪০,৫৪,৬৯১/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প চেয়ে ইউনিয়নে পত্র দেওয়া হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। জুলাই/২০২৩ ও আগস্ট/২০২৩ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। সেপ্টেম্বর/২০২৩ মাসের ডিও প্রদান করা হবে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই/২০২৩ হতে আগস্ট/২০২৩ পর্যন্ত ১০ টি ইউনিয়নে ১২০ জন এবং পৌরসভায় ২৬ জন মোট ১৪৬ জন উপকারভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে এবং সেপ্টেম্বর/২০২৩ মাসের ডাটাএন্ট্রির কার্যক্রম চলমান।<br>**৩) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** ২০২৩-২০২৪ অর্থ বছরে অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (দশ) জন প্রশিক্ষণার্থীর ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদন ফরম বিতরণ এবং জমা কার্যক্রম চলমান।<br>**৪) স্বেচ্ছাসেবী মহিলা সমিতি :** ২০২৩-২০২৪ অর্থবছরের স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে অনুদানের জন্য আবেদন কার্যক্রম চলমান।<br>**৫) উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১) PEDP-4 প্রকল্পের আওতায় ৬২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৪০% ।<br>০২) NNGPS প্রকল্পের আওতায় ০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৩০% ।<br>০৩) ৪র্থ ধাপে ১৬৪ টি অগভীর নলকূপ স্থাপন কাজে ২০ টি বোরিং, প্লাটফর্ম, ও হেডসহ নির্মাণ কাজ সমাপ্ত, ৮০ টি বোরিংসহ প্লাটফর্ম কাজ সমাপ্ত এবং বাকি ৬৪ টির কাজ এখনো শুরু হয়নি। এ পর্যন্ত নির্মিত ১৮৫৬ টি গৃহের বিপরীতে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৩৩ টি ও মুজিব-১০০ প্রকল্প থেকে ৩৫+১০০+৪১ টি = ১৭৬ টিসহ মোট ২০৯ টি নলকূপ স্থাপন কাজ সমাপ্ত এবং ১৬৪ টি নলকূপ স্থাপন কাজ চলমান।<br>০৪) ২০২২-২৩ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপেরম ধ্যে ২২০ টি ৬নং হ্যান্ড পাম্প যুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজ চলমানএবং ৪০ টি ৬নং হ্যান্ড পাম্প যুক্ত অগভীর তারানলকূপ স্থাপন কাজ এখনো শুরু হয়নি।<br>এ ছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০ টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৭৬ টি বর্তমান মাসে ২৭ টি মোট ১০৩ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০১৯-২০২০) অডিট ফি (রাজস্ব) ৪৮৭৩৮/- টাকা এবং সরকারি ভ্যাট ৭৩১১/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৭১৭৩০/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br><table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>৪০৭৪১৪/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৫৫০০৫৭২/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরন</td><td>৪৬৮০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>০৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন</td><td>১৬০৩১৯৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯৪৭২ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৪৭৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>০৮ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৭২৯ জন</td></tr>
</table>এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>১.১০</td><td>১২২.৮৬</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>-</td><td>৫৭.৯৩</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৪.৫৫</td><td>১.১০</td><td>২০৫.৫১</td><td>২০২.৬৩</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, অবৈধভাবে স্থাপিত করাত কলের মালিকের বিরুদ্ধে প্রতি মাসে অভিযান চালানোর জন্য অনুরোধ জানান। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে মোট ২৬৫ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৫ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ৫১৮২ হেক্টর আমন এবং প্রায় ৬৫ হেক্টর জমিতে অন্যান্য ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৮২২৫ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় আরও জানান যে, "বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারন প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কার্যক্রম কাজ চলমান রয়েছে। এবং প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও বরাদ্দ এখনও পাওয়া যায়নি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১০ নং জাবরহাট ইউনিয়নের মালঘণ্টা বিলের পানি নিষ্কাশনে ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২৩</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ</td><td>ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, সম্প্রতি ষাট (৬০) জন শিক্ষকের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>তিনি নিম্নরূপ আরোও তথ্য উপস্থাপন করেন :<br>ক) "পাইথন প্রোগ্রামিং" বিষয়ক পনের (১৫) দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়ের নব্বই (৯০) জন শিক্ষার্থী এতে অংশ গ্রহণ করবেন। শিক্ষার্থী বাছাই কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) "হারপাওয়ার ঃ প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন" প্রকল্পের মাধ্যমে পীরগঞ্জ উপজেলায় মোট ১৮৫ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। মোট নয়টি (০৯) ব্যাচে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রতিটি কোর্সের ব্যপ্তি পাঁচ (০৫) মাস এবং এক (০১) মাসের মেন্টরশীপ প্রদান করা হবে। এ লক্ষ্যে পীরগঞ্জ উপজেলায় প্রশিক্ষণার্থী বাছাই কমিটি গঠন করা হয়েছে। IT ServiceProvider এর ৪ ব্যাচে মোট ৮০ জন, Graphics Design এর ২ ব্যাচে ৪০ জন, Web Development এর এক ব্যাচে ২০ জন, Digital Marketing এর এক ব্যাচে ২০ জন, Women e-commerce Professional এর এক ব্যাচে ২৫ জন, এই চার ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদান করা হবে। "Smart Office Management" সফটওয়্যারে প্রশিক্ষণের জন্য ব্যাচ তৈরি করা হয়েছে। আগ্রহী প্রশিক্ষণার্থীগণ http://herpower.gov.bd এ রেজিস্ট্রেশন করবেন।<br>গ) মন্ত্রী পরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা রয়েছে যে, প্রতিটি দপ্তর ও ইউনিয়ন এর ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ থাকতে হবে। ওয়েব পোর্টাল এর রিপোর্ট অপশন থেকে সহজেই নিজস্ব পোর্টালের হালনাগাদের অবস্থা জানা যাবে। পীরগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদের প্রয়োজন রয়েছে। হালনাগাদ সংক্রান্ত যে কোনো সমস্যার সমাধানকল্পে উপজেলা আইসিটি অফিসে যোগাযোগের অনুরোধ করা হয়।<br>তিনি আরও জানান, "Establising Digital Connectivity" প্রকল্পের আওতায় ৩০ টি মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপনের নিমিত্তে প্রতিষ্ঠানসমূহের উপযুক্ততা যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির আওতায় সকল প্রশিক্ষণের বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে এবং অতি শীঘ্রই সকল অফিসের/দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা সহকারী প্রোগ্রামার,<br>২) কর্মকর্তা (সকল) পীরগঞ্জ। |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রিন্ট করা এবং সংশ্লিষ্ট অংশীজনের মধ্যে বিতরণের জন্য অনুরোধ জানান। এছাড়া প্রণীত বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী বছর ভিত্তিক উন্নয়ন প্রকল্প গ্রহণ করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ১) বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী বছর ভিত্তিক উন্নয়ন প্রকল্প গ্রহণ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রিন্ট করে বিতরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ। |
| ২৭ | তথ্যসেবা কেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তথ্য কেন্দ্রের সর্বমোট সেবা গ্রহীতা ৮০০ জন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৮ | ইউনিয়ন পরিষদ বিষয়ক | উপজেলা নির্বাহী অফিসার জানান, দশটি ইউনিয়ন নিয়ে গঠিত পীরগঞ্জ উপজেলা একটি বড় উপজেলা। বিশেষ করে ২, ৩ ও ৫ নং ইউনিয়ন থেকে আর একটি ইউনিয়ন বাড়িয়ে ৪ নং ইউনিয়ন পরিষদ এবং ১০ ও ১১ নং ইউনিয়ন থেকে আর একটি ইউনিয়ন বাড়িয়ে ১২ নং ইউনিয়ন পরিষদ করার প্রস্তাব উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলে বিস্তারিত আলোচনান্তে নতুন দুটি ইউনিয়ন পরিষদ গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং সিদ্ধান্তটি পত্রের মাধ্যমে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | নতুন দুটি ইউনিয়ন পরিষদ গঠনের বিষয়ে গৃহিত সিদ্ধান্তটি পত্রের মাধ্যমে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ। ২) উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ। |
| ২৯ | বিবিধ-ক | উপজেলা পরিষদস্থ পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তার কার্যালয় ও সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়ের পানির লাইন মেরামত বাবদ ৭,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের বিপরীতে বিল ভাউচার সংরক্ষিত রয়েছে। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে এই ব্যয় নির্বাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত দুই অফিসের পানির লাইন মেরামত বাবদ ব্যয় নির্বাহের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ, পীরগঞ্জ। |
| | বিবিধ-খ | ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন ঝুকিপূর্ণ এবং পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত ঝুকিপূর্ণ ভবন নিলাম/ অপসারণের উদ্দেশ্যে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন নিলাম/ অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| | বিবিধ-গ | ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন ঝুকিপূর্ণ এবং পরিত্যক্ত অবস্থায় রয়েছে। উক্ত ঝুকিপূর্ণ ভবন নিলাম/ অপসারণের উদ্দেশ্যে প্রাক্কলণ প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন নিলাম/ অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৮৮(৫০)

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩০ / ২১ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,...................................................।

২১/০৯/২৩
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

## বিদ্যমান গেজেটে অন্তর্ভূক সড়কের তথ্য সংশোধন ছক

জেলার নাম ঃ ঠাকুরগাঁও

| Road Information According to Existing Gazette | | | | | | | Corrected Road Information | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Name of Upazilla | SL No. | Road ID | Road Classification | Road Name | Road Length (km) | Owner ship | As per definition | | As pe Starting and Ending Point | As per field measurement | Proposed Ownership | Remarks |
| | | | | | | | Road ID | Road Classification | Road Name | Revised Road Length (km) | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| Pirganj | 1 | 194824036 | VR-A | Bhabnaganj hat - Sialdangi hat | 2.00 | LGED | 194824036 | VR-A | Bhabnaganj hat - Sialdangi hat | 2.77 | LGED | যাচাই পূর্বক দৈর্ঘ্য সংশোধন করা হয়েছে |
| | 2 | 194824010 | VR-A | Surjapur R&H - Niamothpur Road | 2.300 | LGED | 194824010 | VR-A | Surjapur R&H - Niamothpur Road | 2.700 | LGED | যাচাই পূর্বক দৈর্ঘ্য সংশোধন করা হয়েছে |